সংবাদ

তারিখ ... 28 MAR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মুরাদনগরের মডেল সর. প্রা. স্কুলের নানা সংকট সমাধানে মানববন্ধন

**প্রতিনিধি, মুরাদনগর (কুমিল্লা)**

কুমিল্লার মুরাদনগর উপজেলা সদরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো, বিশুদ্ধ পানি, টয়লেট ও বিদ্যুৎ ব্যবস্থাসহ বিভিন্ন দাবিতে সোমবার সকালে মানববন্ধন করেছে বিদ্যালয়ের অভিভাবক ও শিক্ষার্থীরা। পরে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করে। উপজেলা পরিষদের সামনে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন রহিম চৌধুরী, গিয়াস উদ্দিন, মোজাম্মেল হক, মাহবুব আলম আরিফ, আমির হোসেন, আবুল কালাম, রকিবুল শামীম, নুরুদ্দিন সরকার রিপন, জাহাঙ্গীর চৌধুরী ও ওমর ফারুক প্রমুখ। বক্তারা অভিযোগ করে বলেন যে, বিদ্যালয় ভবনের উপর শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র করায় জায়গার স্বল্পতায় অবকাঠামোগত সমস্যায় গাদাগাদি করে ক্লাস করায় শিক্ষার্থীরা শারীরিকভাবে অসুস্থ হয়ে যাচ্ছে। বিশুদ্ধ পানি ও টয়লেটের ব্যবস্থা একেবারে নাজুক। শ্রেণি কক্ষে পর্যাপ্ত পাখা না থাকায় গরমে শিক্ষার্থীদের নিদারুন কষ্ট হচ্ছে। প্রায় এগার শত শিক্ষার্থীর বিদ্যালয়টি উপজেলার সর্বপ্রথম মডেল বিদ্যালয় হিসেবে স্বীকৃতি পেলেও আজো মডেল হিসেবে গড়ে উঠতে পারেনি। উপজেলা বিভিন্ন বিদ্যালয়ে ডিজিটালের ছোয়া লাগলেও বিদ্যালয়টিতে এখনও কোন ডিজিটালের ছোঁয়া লাগেনি।